**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১৮ মে ২০১৬, ৪ জ্যৈষ্ঠ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুলগেরিয়ার উদ্দেশে লন্ডন ত্যাগ করবেন আজ
২। জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিচ্ছে সরকার : স্বাস্থ্যমন্ত্রী
বাংলাদেশের অর্জন শিক্ষণীয় : মালি ও নাইজারের মন্ত্রী
৩। দেশে বর্তমানে নিত্যপ্রয়োজনীয় কোনো পণ্যের সংকট নেই : বাণিজ্যমন্ত্রী
৪। নারায়নগঞ্জে শিক্ষক লাঞ্ছনাকারীদের বিচারের আওতায় আনা হবে : আইনমন্ত্রী
৫। বজ্রপাতের ছয় ঘন্টা আগে পূর্বাভাস দেবে আবহাওয়া অধিদপ্তর
৬। কৃষিখাতের উন্নয়নে গুরুত্ব দিতে হবে : বিশ্বব্যাংক
৭। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৩৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত
৮। নারায়নগঞ্জের লাঞ্ছিত শিক্ষক শ্যামল কান্তি ভক্ত সাময়িক বরখাস্ত
৯। সাদা পোশাকে গ্রেপ্তারের ঘটনা ভয়াবহ : আদালত
৫৪ ধারার আপিলের রায় ২৪ মে
১০। হজযাত্রীদের নিবন্ধন শুরু

চলমান পাতা/২

**১। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুলগেরিয়ার উদ্দেশে লন্ডন ত্যাগ করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বুলগেরিয়ার রাজধানী সোফিয়াতে অনুষ্ঠিতব্য 'গ্লোবাল ওমেন লিডারস ফোরাম'-এ অংশগ্রহণের জন্য তিনদিনের সরকারি সফরে আজ সকালে বুলগেরিয়ার উদ্দেশ্যে লন্ডন ত্যাগ করবেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম জানান, ফোরামে অংশগ্রহণ ছাড়াও প্রধানমন্ত্রী বুলগেরিয়ার প্রধানমন্ত্রীর সঙ্গে আনুষ্ঠানিক ও একান্ত বৈঠক করবেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১)।

**২। জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিচ্ছে সরকার : স্বাস্থ্যমন্ত্রী**
**বাংলাদেশের অর্জন শিক্ষণীয় : মালি ও নাইজারের মন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের সময়ে বাংলাদেশ স্বাস্থ্যখাতে ব্যাপক অগ্রগতি অর্জন করেছে। জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার সাফল্যের কারণে দেশে মা ও শিশু মৃত্যুহার উল্লেখযোগ্য হারে কমেছে। এই অর্জনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাতিসংঘ থেকে দুইবার পুরস্কৃত করা হয়েছে। দেশের পরিবার পরিকল্পনা কার্যক্রমে গতিশীলতা আসলেও দুই তিনটি অঞ্চলের পিছিয়ে পড়াকে ভবিষ্যতে বিশেষভাবে মূল্যায়ন করা হবে। গতকাল ১৭ মে মঙ্গলবার সচিবালয়ে বাংলাদেশ সফররত মালি ও নাইজারের মন্ত্রীসহ আফ্রিকা মহাদেশের সাহেল দেশসমূহের প্রতিনিধিদের সাথে বৈঠককালে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। বৈঠকে বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষাসহ বিভিন্ন খাতের অর্জনকে বিশ্বের অনেক দেশের জন্য শিক্ষণীয় বলে মন্তব্য করেন মালি ও নাইজারের মন্ত্রীসহ আফ্রিকা মহাদেশের সাহেল দেশসমূহের প্রতিনিধিবৃন্দ। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩, ক.৩)।

**৩। দেশে বর্তমানে নিত্যপ্রয়োজনীয় কোনো পণ্যের সংকট নেই : বাণিজ্যমন্ত্রী**

দেশে বর্তমানে চাহিদার চেয়ে অনেক বেশি পরিমাণে নিত্যপ্রয়োজনীয় পণ্যসামগ্রীর মজুত, পণ্যের সরবরাহ ও মূল্য স্বাভাবিক রয়েছে। পবিত্র রমজান মাসকে সামনে রেখে চাল, আটা, চিনি, ভোজ্যতেল, ডাল, পেঁয়াজ, রসুন, আদা, হলুদ, ও খেজুরসহ সব পণ্যের সরবরাহ ও মজুত নিশ্চিত করা হয়েছে। কোনো অবস্থাতেই যাতে কোনো পণ্যের দাম অযৌক্তিকভাবে বৃদ্ধি না পায় সে জন্য সরকার সবধরনের ব্যবস্থা গ্রহণ করেছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। মন্ত্রী বলেন, অসৎ ব্যবসায়ীরা যাতে কোনো ধরনের পণ্যের কৃত্রিম সংকট বা অকারণে মূল্য বৃদ্ধি করতে না পারে সে জন্য সরকার সচেতন রয়েছে। বাণিজ্যমন্ত্রী গতকাল ১৭ মে মঙ্গলবার সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা সভায় সভাপতিত্বকালে এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬)।

**৪। নারায়নগঞ্জে শিক্ষক লাঞ্ছনাকারীদের বিচারের আওতায় আনা হবে : আইনমন্ত্রী**

নারায়নগঞ্জে পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে কান ধরে ওঠবস করানোর ঘটনায় জড়িতদের বিচারের আওতায় আনা হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, শিক্ষককে কান ধরে ওঠবস করানো অত্যন্ত নিন্দনীয় কাজ। এটা একটা অপরাধ। যারা এ ঘটনায় জড়িত, তাদের নিশ্চয়ই শাস্তি ভোগ করতে হবে। কারন আইন নিজের হাতে তুলে নেওয়া যায় না। গতকাল ১৭ মে মঙ্গলবার রাজধানীর বিচার প্রশাসন ইনস্টিটিউট মিলনায়তনে তিন দিনব্যাপী 'জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রেনিং কোর্সের' উদ্বোধন শেষে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**৫। বজ্রপাতের ছয় ঘন্টা আগে পূর্বাভাস দেবে আবহাওয়া অধিদপ্তর**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রানমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, বজ্রপাতের পূর্বাভাস ছয় ঘন্টা আগে আবহাওয়ার তথ্যে পাওয়া যাবে। এ ছাড়া ১০৯৪১ নম্বরে ফোন করে আবহাওয়ার পূর্বভাসে বজ্রপাতের তথ্য পাওয়া যাবে। গতকাল ১৭ মে মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে তিনি একথা

বলেন। মন্ত্রী বলেন, গত ১২ ও ১৩ মে দেশের ২৬ জেলায় বজ্রপাতে নিহতদের পরিবারকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে ১৪ লাখ ৭০ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে। এ ছাড়া আহতদের সাড়ে ৭ হাজার টাকা থেকে ১৫ হাজার টাকা পর্যন্ত অর্থ সহায়তা দেওয়া হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** ( শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** ( শেষ পৃ.,ক.৬)।



**৬। কৃষিখাতের উন্নয়নে গুরুত্ব দিতে হবে : বিশ্বব্যাংক**

অকৃষিখাতের প্রবৃদ্ধি মূলত কৃষিখাতের ওপর নির্ভরশীল। কৃষিখাতের ১০ শতাংশ আয় বাড়লে তা অকৃষিখাতে ৬ শতাংশ আয় বাড়াবে। এ খাতের উন্নয়নে দেশের বিভিন্ন শহরের সঙ্গে গ্রামের যোগাযোগ ব্যবস্থা আরও বাড়ানো দরকার। আর এ জন্য অবকাঠামো খাতে বিনিয়োগ বাড়ানোর বিকল্প নেই। গতকাল ১৭ মে মঙ্গলবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে ‘বিশ্বব্যাংকের ডায়নামিকস অফ রুরাল গ্রোথ ইন বাংলাদেশ : সাসটেইনিং প্রোভার্টি রিডাকশন’ শীর্ষক বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে এ কথা বলা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৭)।

**৭। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৩৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত**

চলচ্চিত্র শুধুই কোনো কাহিনীচিত্র নয়, তাতে সমাজ, দেশ ও মানুষের কথা তুলে ধরা হয়। তাই চলচ্চিত্র সংরক্ষণ জরুরি । বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ৩৮তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে চলচ্চিত্র সংশ্লিষ্টরা এসব কথা বলেন। কবি সুফিয়া কামাল কেন্দ্রীয় গণগ্রন্থাগারের শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে গতকাল ১৭ মে মঙ্গলবার প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাবাষির্কীর অনুষ্ঠান আয়োজিত হয়। যৌথভাবে এই আয়োজন করেছে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ও তথ্য মন্ত্রণালয়। এর আগে গণগ্রন্থাগারের উন্মুক্ত প্রাঙ্গণে অনুষ্ঠানের উদ্বোধন করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন, স্বাধীনতার ইতিহাস যাতে কেউ বিকৃত করতে না পারে সেজন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভকে আরো শক্তিশালী করতে হবে। সূত্র-**ভোরের কাগজ** ( শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৫,ক.১)।

**৮। নারায়নগঞ্জের লাঞ্ছিত শিক্ষক শ্যামল কান্তি ভক্ত সাময়িক বরখাস্ত**

নারায়নগঞ্জের বন্দর উপজেলার পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে লাঞ্ছিত করার পাঁচ দিন পর সাময়িক বরখাস্ত করেছে বিদ্যালয় কমিটি। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শ্যামল কান্তি ভক্ত সাময়িক বরখাস্ত হওয়ার চিঠি পান। ব্যবস্থাপনা কমিটির চিঠিতে উল্লেখ করা হয়, গত ১৩ মে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **সংবাদ, ইত্তেফাক, ভোরের কাগজ, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। সাদা পোশাকে গ্রেপ্তারের ঘটনা ভয়াবহ : আদালত**
**৫৪ ধারার আপিলের রায় ২৪ মে**

পরোয়ানা ছাড়া গ্রেপ্তারের ৫৪ ধারা ও হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের ১৬৭ ধারা সংশোধনের এক যুগ আগে হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে আপিলের রায় জানা যাবে আগামী ২৪ মে। হাইকোর্টের দেওয়া রায় চ্যালেঞ্জ করে রাষ্ট্রপক্ষ যে আপিল করেছিল, তার শুনানি শেষে এ দিন ধার্য করেছেন আপিল বিভাগ। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্ব আপিল বিভাগের চার সদস্যের বেঞ্চে গতকাল ১৭ মে মঙ্গলবার এই আপিলের শুনানি শেষ হয়। রিটকারীর পক্ষে শুনানি করেন ব্যারিস্টার এম আমীর-উল ইসলাম। শুনানির একপর্যায়ে আদালত বলেন, ইউনিফর্ম না পরে সাদা পোশাকে আইনশৃঙ্খলা বাহিনীর গ্রেপ্তারের ঘটনা ভয়াবহ। কাউকে গ্রেপ্তার করতে হলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যকে ইউনিফর্ম পরিহিত অবস্থায় থাকতে হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ইন্ডিপেনডেন্ট, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১০। হজযাত্রীদের নিবন্ধন শুরু**

২০১৬ সালের হজযাত্রীদের নিবন্ধন গতকাল ১৭ মে মঙ্গলবার শুরু হয়েছে, চলবে ৩০ মে পর্যন্ত। হজ প্যাকেজের টাকা, পাসপোর্টের ফটোকপি ও পাসপোর্ট আকারের ছবি নিবন্ধনের সময় জমা দিতে হবে। ব্যাংক থেকে নিবন্ধন সনদ সংগ্রহ করে অবশ্যই সংরক্ষণ করতে হবে। সরকারি ব্যবস্থাপনায় প্রাক্-নিবন্ধিত সব হজযাত্রী প্যাকেজের অবশিষ্ট টাকা জমা করে নিবন্ধন করতে পারবেন। বেসরকারি ব্যবস্থাপনায় প্রাক্-নিবন্ধন প্রথম ৮৮ হাজার ১৯৭ হজযাত্রী নিবন্ধন করতে পারবেন। সরকারি ব্যবস্থাপনার জন্য হজ প্যাকেজের টাকা (একটি প্যাকেজে ২ লাখ ৭৬ হাজার ৯০৩ টাকা, অন্য প্যাকেজে ৩ লাখ ৩২ হাজার ২৯ টাকা) সোনালী ব্যাংকে জমা দিতে হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** এক পরিসংখ্যান অনুযায়ী দেশে প্রায় ১৪ কোটি ৮০ লাখ মানুষ ইন্টারনেট সুবিধা বঞ্চিত হওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে দেশের অধিকাংশ মানুষকে ইন্টারনেট সুবিধায় আনার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** সারাদেশে ৪৩ শতাংশ সড়কের শোচনীয় অবস্থার কথা এক প্রতিবেদনে প্রকাশিত হয়েছে উল্লেখ করে জনদুর্ভোগ কমাতে এসব সড়ক দ্রুত সংস্কারের সুপারিশ।

গ. **সংবাদ, প্রথম আলো :** কলেজছাত্রী তনুর ডিএনএ প্রতিবেদনে তাকে হত্যার অপরাধে তিনজন জড়িত থাকার কথা নিশ্চিত করা হয়েছে উল্লেখ করে অবিলম্বে তার দ্বিতীয় ময়নাতদন্তের রিপোর্ট প্রকাশ করে প্রকৃত অপরাধীদের শাস্তির দাবি।

ঘ. **যুগান্তর :** প্রতি বছরের মতো এবারও হজ ফ্লাইটের সিডিউল বিপর্যয়ের আশংকা দেখা দেওয়ায় এব্যাপারে ধর্ম মন্ত্রণালয় ও বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়কে সর্তক থাকার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** আসন্ন রমজানকে সামনে রেখে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি নিয়ন্ত্রণে নিয়মিত মনিটরিং করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার :** দেশে এনথ্রাক্স রোগীর সংখ্যা বেড়ে ৮৭ জন হওয়ার পরিপ্রেক্ষিতে আক্রান্ত পশুর মাংস না খাওয়া, গৃহপালিত পশুদের সঠিক ভ্যাকসিন দেওয়াসহ মৃতপশু গভীর গর্ত করে পুঁতে ফেলার মত বিষয়গুলোর দিকে নজর দেওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট, অবজারভার :** নারায়ণগঞ্জে শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনার সুষ্ঠু তদন্ত ও যথার্থ বিচার প্রত্যাশা ।

জ. **ফিনানসিয়াল এক্সপ্রেস :** বার্ষিক উন্নয়ন কর্মসূচির অননুমোদিত অনেক উন্নয়ন প্রকল্প গুরুত্বের ভিত্তিতে অনুমোদন দেওয়ার সুপারিশ।

ঝ. **ডেইলি সান :** খুলনা শহরের ২২ টি প্রাকৃতিক খাল দখল ও ভরাট হয়ে পড়ায় শহরে প্রায়ই জলাবদ্ধতা দেখা দেওয়ায় খুলনা সিটি করপোরেশন ও খুলনা উন্নয়ন কর্তৃপক্ষকে দ্রুত এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউজ টুডে, সমকাল :** সীমান্তে হত্যার ঘটনা ও সীমান্ত অপরাধ বাংলাদেশ ও ভারত উভয় দেশের সীমান্তরক্ষী কর্তৃপক্ষ যৌথভাবে তদন্ত করবে বলে যে সিদ্ধান্ত নিয়েছে তাকে ইতিবাচক অগ্রগতি বলে অভিমত।

ট. **নিউ নেশন :** বিগত ১০ মাসে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বরাদ্দ টাকার মাত্র ৫০ শতাংশ ব্যবহৃত হওয়ার পরিপেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষকে বরাদ্দ অর্থ ব্যয়ে দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে কৃষিপণ্য আমদানির ওপর নির্ভরশীলতা কমিয়ে কৃষি খাতে উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জন করতে কৃষি ও পল্লিউন্নয়ন খাতকে অগ্রাধিকার দিয়ে বাজেট প্রণয়ন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সংখ্যালঘুদের নাগরিক অধিকার'** শিরোনামের নিবন্ধে ড. কুদরাত-ই-খুদা বাবু যারা সংখ্যালঘু সম্প্রদায়সহ দেশের সাধারণ জনগণের ওপর হামলা, নির্যাতন-নিপীড়ন চালানোসহ দেশের

স্বাধীনতা ও সার্বভৌমত্বের জন্য প্রতিনিয়তই হুমকিস্বরুপ কাজ করে যাচ্ছে, দেশের বৃহত্তর স্বার্থে তাদের বিরুদ্ধে দ্রুত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা